# এস এস সি পরীক্ষা ২০১৭ এর মডেল প্রশ্ন (সকল বোর্ডের জন্য)

## বাংলা দ্বিতীয় পত্র

রচনামূলক প্রশ্ন

সময় — ২ ঘন্টা পূর্ণমান — ৫০ বিষয় কোড: ১০২

[দ্রষ্টব্য: দক্ষিণ পার্শ্বস্থ সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। উত্তর প্রাসঙ্গিক হওয়া বাঞ্ছনীয়। একই প্রশ্নের উত্তরে সাধু ও চলিত ভাষারীতির মিশ্রণ দূষণীয়।]

**১. যে কোনো একটি অনুচ্ছেদ লেখ:** ৫

(ক) শিশুশ্রম

(খ) বাংলাদেশের প্রাকৃতিক দুর্যোগ

২. (ক) ক্যান্টিন স্থাপনের অনুমতি প্রার্থনা করে বিদ্যালয়ের প্রধানের নিকট একটি আবেদন পত্র লেখ। ৫

অথবা, (খ) তোমার এলাকায় বিদ্যুৎ বিভ্রাট ঘটার আশু প্রতিকার চেয়ে যথাযথ কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণ করে সংবাদ পত্রে প্রকাশের উপযোগী একখানা পত্র লেখ।

**৩. সারাংশ লেখ: (ক)** ১০

অপরের জন্য তুমি তোমার প্রাণ দাও আমি বলতে চাইনে। অপরের ক্ষুদ্র ক্ষুদ্র দুঃখ তুমি দূর করো। অপরকে একটুখানি সুখ দাও। অপরের সঙ্গে একটুখানি মিষ্টি কথা বল। পথের অসহায় মানুষটার দিকে একটু করুণ কটাক্ষ নিক্ষেপ কর তাহলেই অনেক হবে। চরিত্রবান মনুষ্যত্ব সম্পন্ন মানুষ নিজের চেয়ে পরের অভাবে বেশি অধীর হন। পরের দুঃখ ঢেকে রাখতে গৌরব বোধ করেন।

অথবা, (খ) সারমর্ম লেখ:

দণ্ডিতের সাথে
দণ্ডদাতা কাঁদে যবে সমান আঘাতে
সর্বশ্রেষ্ঠ সে বিচার। যার তরে প্রাণ
ব্যথা নাহি পায় কোনো, তারে দণ্ডদান
প্রবলের অত্যাচার। যে দন্ড বেদনা
পুত্রেরে পার না দিতে, সে কারেও দিওনা।
যে তোমার পুত্র নহে, তারও পিতা আছে,
মহা অপরাধী হবে তুমি তার কাছে।

http://teachingbd.com

৪. যে কোনো একটির ভাব-সম্প্রসারণ করোঃ ১০

(ক) দুর্জন বিদ্বান হইলেও পরিত্যাজ্য।

(খ) নানান দেশের নানান ভাষা,
বিনা স্বদেশি ভাষা মিটে কি আশা?

৫. ক) তোমার বিদ্যালয়ের মহান বিজয় দিবস উপলক্ষ্যে বিদ্যালয়ে আয়োজিত অনুষ্ঠানের ওপর একটি প্রতিবেদন তৈরি করো। ১০

অথবা, (খ) 'নিত্য-প্রয়োজনীয় দ্রব্যের দাম বৃদ্ধির কারণ ও প্রতিকার' শিরোনামে সংবাদ পত্রে প্রকাশের জন্য একটি প্রতিবেদন তৈরি করো।

৬. যেকোনো একটি বিষয়ে প্রবন্ধ রচনা করোঃ ২০

(ক) অধ্যবসায়

(খ) কম্পিউটার: বিজ্ঞানের বিস্ময়

(গ) মাদকাসক্তির অপকারিতা ও প্রতিকার

Teachingbd.com

http://teachingbd.com

## এস এস সি পরীক্ষা ২০১৭ এর মডেল প্রশ্ন (সকল বোর্ডের জন্য)

সময় — ৪০ মিনিট পূর্ণমান — ৪০ বাংলা দ্বিতীয় পত্র: নৈর্ব্যক্তিক অভীক্ষা বিষয় কোড: ১ ০ ২

*[বিশেষ দ্রষ্টব্য: সরবরাহকৃত নৈর্ব্যক্তিক অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট করো। প্রতিটি প্রশ্নের মান ১।]*

১. যৌগিক ও মিশ্র বাক্যে পৃথক ভাবাপন্ন দুই বা ততোধিক বাক্যের সমন্বয় বুঝাতে কোন চিহ্ন ব্যবহৃত হয়?
ক) লোপচিহ্ন খ) ড্যাশ
গ) কমা ঘ) উদ্ধরণ চিহ্ন

২. 'চিক চিক করে বালি কোথা নাই কাদা' দ্বিরুক্ত শব্দটি কোন পদরূপে ব্যবহৃত হয়েছে?
ক) বিশেষ্যের বিশেষণ
খ) অব্যয়ের বিশেষণ
গ) বিশেষণের বিশেষণ
ঘ) ক্রিয়া বিশেষণ

৩. কোনটি উপমান ও উপমেয়র মধ্যে অভিন্নতা কল্পনা করা হয়?
ক) উপমান কর্মধারয়
খ) মধ্যপদলোপী কর্মধারয়
গ) উপমিত কর্মধারয়
ঘ) রূপক কর্মধারয়

৪. 'তারিখ' কোন ভাষার শব্দ?
ক) ফারসি খ) ফরাসি
গ) আরবি ঘ) পাঞ্জাবি

৫. 'পিশাচ > পিচাশ' কিসের উদাহরণ?
ক) ব্যঞ্জন বিকৃতি খ) ধ্বনি বিপর্যয়
গ) ব্যঞ্জনচ্যুতি ঘ) অভিশ্রুতি

৬. আক্‌, চাল্‌-কোন আদিগণের অন্তর্ভুক্ত?
ক) নাহ্‌ খ) কাট্‌
গ) গাহ্‌ ঘ) উঠ্‌

৭. সম্ভ্রমাত্মক মধ্যম পুরুষের বর্তমান কালের অনুজ্ঞায় কোন ক্রিয়া বিভক্তি যুক্ত হয়?
ক) ইও, ইবে খ) অ, ও
গ) উন, ন ঘ) বেন, এন

৮. 'তিনি ছেলেকে পড়াচ্ছেন'—বাক্যে 'পড়া' কোন ধাতু?
ক) নামধাতু খ) সংযোগমূলক ধাতু
গ) প্রযোজক ধাতু ঘ) বিদেশাগত ধাতু

৯. কর্তৃবাচ্যের ক্রিয়া কী হলে কর্মবাচ্য হয় না?
ক) সমাপিকা খ) অসমাপিকা
গ) সকর্মক ঘ) অকর্মক

১০. উচ্চারণের দিক দিয়ে নিম্নাবস্থিত পশ্চাৎ স্বরধ্বনি কোনটি?
ক) অ খ) ও
গ) উ ঘ) আ

১১. 'সাইরেন বেজে উঠল'—কোন ক্রিয়ার উদাহরণ?
ক) নামধাতুর ক্রিয়া খ) মিশ্র ক্রিয়া
গ) যৌগিক ক্রিয়া ঘ) প্রযোজক ক্রিয়া

১২. 'গৃহী' এর বিপরীতার্থক শব্দ কোনটি?
ক) বর্জন খ) ঘাত
গ) সংসারী ঘ) সন্ন্যাসী

১৩. 'দেহ' এর সমার্থক শব্দ কোনটি?
ক) ভানু খ) সুত
গ) পাবক ঘ) তনু

১৪. 'শিক্ষায় মন সংস্কারমুক্ত হয়ে থাকে'—বাক্যে কী অর্থে অসমাপিকা ক্রিয়ার ব্যবহার হয়েছে?
ক) অভ্যস্ততা খ) নিরন্তরতা
গ) আকস্মিকতা ঘ) অনুমোদন

১৫. ভাষার মূল উপাদান কী?
ক) বর্ণ খ) ধ্বনি
গ) শব্দ ঘ) বাক্য

১৬. বিশেষ নিয়মে সাধিত সন্ধির উদাহরণ কোনটি?
ক) বনস্পতি খ) উত্থাপন
গ) গবাদি ঘ) পদস্খলন

১৭. 'উমেদারি' শব্দে 'ই' প্রত্যয় কী অর্থে ব্যবহৃত হয়েছে?
ক) বৃত্তি বা ব্যবসা খ) ভাব
গ) মালিক ঘ) জাত

১৮. 'পাথুরে মূর্তি'— কোন জাতীয় বিশেষণ পদ?
ক) রূপবাচক খ) উপাদান বাচক
গ) গুণবাচক ঘ) অংশবাচক

১৯. কোনটি যোগরূঢ় শব্দ?
ক) বাঁশি খ) চিকামারা
গ) তৈল ঘ) পঙ্কজ

২০. কর্ম ও ভাববাচ্যের ধাতুর পর কোন প্রত্যয় হয়?
ক) তব্য ও অনীয় খ) ণক ও ইন
গ) ইন ও উক ঘ) শানচ ও তৃচ

Teachingbd.com

২১. আক্ষেপ প্রকাশে অতীতের স্থলে কোন কাল হয়?
ক) সাধারণ বর্তমান  খ) পুরাঘটিত ভবিষ্যৎ
গ) সাধারণ ভবিষ্যৎ  ঘ) নিত্যবৃত্ত বর্তমান

২২. 'রাজার হুকুম'—এটি কোন ধরনের সম্বন্ধ?
ক) কর্তৃসম্বন্ধ  খ) কর্ম সম্বন্ধ
গ) করণ সম্বন্ধ  ঘ) অপাদান সম্বন্ধ

২৩. পারিভাষিক শব্দ কোনটি?
ক) সাময়িকী  খ) রেডিও
গ) ফাইল  ঘ) ম্যানেজার

২৪. 'অপরিণত' অর্থে কাঁচা শব্দের ব্যবহার কোনটি?
ক) কাঁচা কথা  খ) কাঁচা বয়স
গ) কাঁচা আম  ঘ) কাঁচা চুল

২৫. বাক্যে অসমাপিকা ক্রিয়াপদ কোথায় বসে?
ক) বিশেষণের পরে
খ) বাক্যের শেষে
গ) বাক্যের শুরুতে
ঘ) বিশেষণের পূর্বে

২৬. বাকভঙ্গি কী?
ক) শব্দভঙ্গি
খ) বাক্যভঙ্গি
গ) নানাভঙ্গিতে উচ্চারণ
ঘ) মুখভঙ্গি

২৭. পরবর্তী শব্দ থেকে উৎপন্ন বোঝাতে কোন চিহ্ন বসে?
ক) <  খ) >
গ) √  ঘ) =

২৮. বাক্যের অর্থ সঙ্গতি রক্ষার জন্য কোনটি পরিবর্তন করতে হয়?
ক) ক্রিয়া  খ) সর্বনাম
গ) বিভক্তি  ঘ) বিশেষ্য

২৯. ভাববাচ্যে কর্তায় কোন বিভক্তি হয়?
ক) ষষ্ঠী  খ) দ্বিতীয়া
গ) প্রথমা  ঘ) ষষ্ঠী বা দ্বিতীয়া

৩০. 'এসপার ওসপার' বাগধারাটির অর্থ কী?
ক) এদিক অথবা ওদিক
খ) মীমাংসা
গ) এই পারে অথবা ঐপারে
ঘ) এ রকম অথবা ঐ রকম

৩১. 'পছন্দ হওয়া' অর্থে রীতিসিদ্ধ প্রয়োগ কোনটি?
ক) গোঁধরা  খ) ম্যাওধরা
গ) মনে ধরা  ঘ) পথ ধরা

৩২. 'যা পূর্বে দেখা যায়নি'—এক কথায় কী হবে?
ক) অদৃষ্ট  খ) দৃষ্টপূর্ব
গ) অপূর্ব  ঘ) অদৃষ্টপূর্ব

৩৩. ফল পাকলে যে গাছ মরে যায়—এর কথায় কী হবে?
ক) ওষধি  খ) ঔষধি
গ) ওষোধী  ঘ) ঔষোধী

৩৪. যারা ভালো ছেলে, তারা শিক্ষকের আদেশ পালন করে। কোন বাক্যের উদাহরণ?
ক) সরল বাক্য  খ) মিশ্র বাক্য
গ) যৌগিক বাক্য  ঘ) বক্র বাক্য

৩৫. তিনি পুত্রসহ উপস্থিত হলেন। কোন অর্থে 'সহ' অনুসর্গটি ব্যবহৃত হয়েছে?
ক) সহগামিতা  খ) সমসূত্রে
গ) বিরুদ্ধগামিতা অর্থে  ঘ) তুলনায়

৩৬. তিনি চট্টগ্রাম থেকে এসেছেন কোন কারকে কোন বিভক্তি?
ক) অধিকরণ (০)  খ) করণে (০)
গ) অপাদানে (০)  ঘ) কর্মে (০)

৩৭. 'আমাদের সেনারা সাহসে দুর্জয়, যুদ্ধে অপরাজেয়।' কোন ধরনের অধিকরণ কারক?
ক) ঐকদেশিক  খ) অভিব্যাপক
গ) বৈষয়িক  ঘ) ভাবাধিকরণ

৩৮. অপ্রাণিবাচক শব্দের উত্তর কোন বিভক্তি হয়?
ক) শূন্যবিভক্তি  খ) কে বিভক্তি
গ) রে বিভক্তি  ঘ) এ বিভক্তি

৩৯. 'পরাকাষ্ঠা' শব্দে 'পরা' উপসর্গটি কোন অর্থে ব্যবহৃত হয়েছে?
ক) নিকৃষ্ট  খ) অতিশয্য
গ) আধিক্য  ঘ) সম্যক

৪০. নিপাতনে সিদ্ধ বহুব্রীহি সমাস কোনটি?
ক) উনপাঁজুরে  খ) হাতে-ছড়ি
গ) অন্তরীপ  ঘ) বেতার

উত্তর

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | খ | ২ | ঘ | ৩ | ঘ | ৪ | ক | ৫ | খ | ৬ | ঘ | ৭ | খ | ৮ | ক | ৯ | খ | ১০ | ক | ১১ | গ | ১২ | ঘ | ১৩ | ঘ | ১৪ | ক | ১৫ | ঘ | ১৬ | গ | ১৭ | ক | ১৮ | ক | ১৯ | ক | ২০ | ক |
| ২১ | গ | ২২ | ক | ২৩ | ক | ২৪ | খ | ২৫ | খ | ২৬ | গ | ২৭ | ক | ২৮ | ক | ২৯ | ক | ৩০ | খ | ৩১ | গ | ৩২ | ঘ | ৩৩ | ক | ৩৪ | খ | ৩৫ | ক | ৩৬ | গ | ৩৭ | গ | ৩৮ | খ | ৩৯ | খ | ৪০ | গ |

http://teachingbd.com